

রামনবমীতে অস্ত্র রোধে শিশু সুরক্ষা কমিশনও

এই সময়: রামনবমীর শোভাযাত্রার মিছিলে শিশুরা হাটলেও তাদের হাতে যে কোনও ধরনের অস্ত্র না থাকে। এই বিষয়টি নিশ্চিত করতে হবে স্থানীয় প্রশাসনকে। আগামী ১৪ এপ্রিল রামনবমী। তার আগে সমস্ত জেলার জেলাশাসককে এমনই নির্দেশিকা দেওয়া হয়েছে রাজ্য শিশু সুরক্ষা কমিশনের तरফে। চেয়ারপার্সন অনন্যা চক্রবর্তী মঙ্গলবার জানিয়েছেন, ‘গত বছর রামনবমীর শোভাযাত্রার মিছিলে রাজ্যের বিভিন্ন প্রান্তে শিশুদের হাতে অস্ত্র দেখা গিয়েছিল, যা বেআইনি।’ একই ঘটনার পুনরাবৃত্তি যাতে চলতি বছরে না হয়, সে-কারণেই আগাম সতকর্তা হিসেবে এই নির্দেশিকা দেওয়া হয়েছে বলে

জানিয়েছেন চেয়ারপার্সন। গত বছর খড়গপুর, রামপুরহাট, ঝাড়গ্রাম, পুরুলিয়া-সহ রাজ্যের বিভিন্ন প্রান্তে বেশ কয়েকটি রাজনৈতিক দলের ব্যানারে হওয়া রামনবমীর শোভাযাত্রায় শিশুদের হাতে তরোয়াল দেখা গিয়েছিল। শোভাযাত্রার ছবি প্রকাশ্যে আসতেই কেন বাচ্চাদের হাতে অস্ত্র তুলে দেওয়া হয়েছে, সে রিপোর্টও চেয়ে পাঠায় শিশু সুরক্ষা কমিশন। এক পদস্থ কর্তা এদিন জানিয়েছেন, ‘এ বারের রামনবমীর শোভাযাত্রায় যাতে বাচ্চাদের হাতে অস্ত্র না থাকে তা দেখার পাশাপাশি জেলা প্রশাসনকে পুরো বিষয়টি নিয়ে লাগাতার প্রচার করার কথা বলা হয়েছে।’